









বিস্মিত্তাহির রাহমানির রাহিম

## ঈশ্বরদী পৌরসভা কার্যালয়

ডাকঘর ও উপজেলা : ঈশ্বরদী, জেলা : পাবনা।

ফোন : অফিস : ০২৫৮৮৮৮৭৭০০, ০২৫৮৮৮৮৬৪৭৬

Website : ishwardipourashava.gov.bd E-mail : ishwardipourashava@gmail.com

স্মারক নং-ঈঃপৌঃ/প্রশাঃ/নিয়োগ/২১২৮

তারিখ : ০২/০৭/২০২৫

### নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখার গত ২৭ মার্চ ২০২৫ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.১১.০১৪.২৩ নং স্মারক মূলে ঈশ্বরদী পৌরসভায় ০৬ (ছয়) জন কর্মচারী নিয়োগের নিমিত্তে প্রদানকৃত ছাড়পত্রের আলোকে প্রকৃত বাংলাদেশী স্থায়ী নাগরিকের নিকট হতে নিম্নবর্ণিত পদে সাদা কাগজে (স্পষ্ট অক্ষরে) স্ব-হস্তে আবেদন আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন ক্রমঃ ও গ্রেড নং	বয়স	শিক্ষাগত যোগ্যতা
০১	সহকারী এ্যাসেসর	০১	(৯৭০০-২৩৪৯০) গ্রেড নং-১৫	১৮-৩২ বছর	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী।
০২	সহকারী কর আদায়কারী	০১	(৯৭০০-২৩৪৯০) গ্রেড নং-১৫	১৮-৩২ বছর	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী।
০৩	কার্য সহকারী	০১	(৯৩০০-২২৪৯০) গ্রেড নং-১৬	১৮-৩২ বছর	স্বীকৃত শিক্ষাবোর্ড হইতে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাশ অথবা সমমানের যোগ্যতা।
০৪	সহকারী লাইসেন্স পরিদর্শক	০১	(৯৩০০-২২৪৯০) গ্রেড নং-১৬	১৮-৩২ বছর	স্বীকৃত শিক্ষাবোর্ড হইতে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাশ অথবা সমমানের যোগ্যতা।
০৫	নিম্নমান সহকারী বনাম মুদ্রাক্ষরিক	০১	(৯৩০০-২২৪৬০) গ্রেড নং-১৬	১৮-৩২ বছর	স্বীকৃত শিক্ষাবোর্ড হইতে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাশ অথবা সমমানের যোগ্যতাসহ বাংলায় ৩০ এবং ইংরেজীতে ৪০ শব্দের গতি থাকতে হবে।
০৬	নলকূপ মিস্ত্রি (পানি সরবরাহ শাখা)	০১	(৯৩০০-২২৪৯০) গ্রেড নং-১৬	১৮-৩২ বছর	অষ্টম শ্রেণী পাশ এবং সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা।

#### শর্তাবলী:

- ০১। ২০-০৭-২০২৫ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩২ বছর এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ০২। আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) কোটা উল্লেখপূর্বক, সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি, প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন আগামী ২০-০৭-২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালিন সময়ে প্রশাসক, ঈশ্বরদী পৌরসভা, পাবনা বরাবরে ডাকযোগে পৌছাতে হবে। খামের উপর নিজ জেলা ও পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে। হাতে-হাতে/সরাসরি কোন প্রকার আবেদনপত্র গ্রহণ করা হবেনা।
- ০৩। আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতা, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা প্রশাসক/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা/নাগরিকত্ব সনদ, জন্ম নিবন্ধন সনদ, চারিত্রিক সনদ, সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের ছবি, জাতীয় পরিচয়পত্র ইত্যাদির ছায়ালিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িতসহ ১০ X ৪ ইঞ্চি সাইজের ১০ (দশ) টাকা মানের ডাক টিকেটযুক্ত খামের ডান পার্শ্বে আবেদনকারীর ঠিকানা সম্বলিত ফেরৎ খাম ও ৩০০/- টাকা মাত্রের পে-অর্ডার/বিডি সহ প্রশাসক, ঈশ্বরদী পৌরসভা দাখিল করতে হবে।
- ০৪। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে।
- ০৫। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সনদপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৬। একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবে না।
- ০৭। যোগ্য প্রার্থীদের অনুকূলে লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার তারিখ সংবলিত প্রবেশপত্র ইস্যু করা হবে।
- ০৮। লিখিত/মৌখিক/ব্যবহারিক/অন্য কোন পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা।
- ০৯। ত্রুটিপূর্ণ বা অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১০। কোন প্রকার তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- ১১। এই নিয়োগে পৌরসভা কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৯২ এবং এ সংক্রান্ত অন্যান্য বিধি-বিধানঅনুসরণ করা হবে।
- ১২। এই নিয়োগ প্রক্রিয়া সংক্রান্ত সর্বময় ক্ষমতা পৌর কর্তৃপক্ষ সর্বদা সংরক্ষণ করেন।
- ১৩। সাক্ষাৎকার গ্রহণের সময় সকল প্রকার সার্টিফিকেট ও অন্যান্য ডকুমেন্টসের মূলকপি অবশ্যই প্রদর্শন করতে হবে।
- ১৪। কর্তৃপক্ষ যে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৫। কোন প্রকার তথ্য গোপন করা/ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগের আদেশ বাতিল করতঃ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১৬। নিয়োগকৃত কর্মচারী বেতন, ভাতাদি পৌরসভার রাজস্ব তহবিল হতে নির্বাহ করা হবে।
- ১৭। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে নিয়োগ প্রদান বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

  
০২/০৭/২০২৫

সুবীর কুমার দাশ

প্রশাসক

ঈশ্বরদী পৌরসভা

ও

আহ্বায়ক

কর্মচারী নিয়োগ ও বাছাই কমিটি

সর-৩৬৯/২৫(১০' X ৩)